

হুমায়ুন আহমেদ স্মরণে

অশ্রু জলে বিদায়

অমিয়া মতিন

এসেছিলে এই ভুবনে উজ্জ্বল নক্ষত্র হয়ে
এসেছিলে তুমি সকল স্বপন ছুঁয়ে ভুবন আলো করে
চলে গেছ তুমি অচেনা জগতে
নিরালায় নিভূতে বিস্মৃতির তীরে
স্মৃতি হয়ে শুধু থাকবে হৃদয়ে
রাত আসে দিন যায় ধরনীর বুকে
বসন্ত আসে ফুলে ফুলে ছেয়ে
হৃদয়ে ভালবাসার পরশ দিয়ে
সে ফুলের মাঝেতে লুকিয়ে থাকা কান্না
তার প্রিয় লেখককে হাত বাড়িয়ে ডাকে
গাছের ডালে নুইয়ে পরা তরলতা
তোমায় হাতছানি দিয়ে ডাকে - ফিরে এসো
আঁখি জলে বিদায় জানালো
ঝরা ফুলে গাথা মালা
তরুন আলোয় পাখির কলরবে
বিদায়ের গীতমালা
চারদিকে গতিহীন স্তব্ধতা
যেন হঠাৎ করে
জলন্ত দীপশিখা নিভে গেছে ঝরে
লাখো মানুষের বুক ফাটা কান্নায় প্রকৃতি নিরব
হে প্রিয় লেখক তুমি বেঁচে থাকবে সবার হৃদয়ে
তোমার কীর্তির মাঝে যুগ যুগ ধরে ॥